

# **া** সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন)

হাদিস নাম্বারঃ ৬৮১৫

৮৬/ দন্ডবিধি (كتاب الحدود)

পরিচ্ছেদঃ ৮৬/২২. পাগল ও পাগলীকে পাথর মেরে হত্যা করা যাবে না।\*

بَابِ لاَ يُرْجَمُ الْمَجْنُونُ وَالْمَجْنُونَ

### আরবী

حَدَّتَنَا يَحْيَى بْنُ بُكَيْرٍ، حَدَّقَنَا اللَّيْتُ، عَنْ عُقَيْلٍ، عَنِ ابْنِ شِهَابٍ، عَنْ أَبِي سَلَمَةَ، وَسَعِيدِ بْنِ الْمُسيَّبِ، عَنْ أَبِي هُرَيْرَةَ ـ رضى الله عنه ـ قَالَ أَتَى رَجُلٌ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم وَهْوَ فِي الْمَسْجِدِ فَنَادَاهُ فَقَالَ يَا رَسُولَ اللَّهِ إِنِّي زَيْتُ. فَأَعْرَضَ عَنْهُ، حَتَّى رَدَّد عَلَيْهِ أَرْبَعَ مَرَّاتٍ، فَلَمَّا شَهِدَ عَلَى نَفْسِهِ أَرْبَعَ شَهَادَات، دَعَاهُ النَّبِيُّ صلى الله عليه وسلم عَلْهُ أَرْبَعَ مَرَّاتٍ، فَلَمَّا الله عليه وسلم قَقَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم الذهبَونُ ". قَالَ لاَ. قَالَ لاَ. قَالَ " فَهَلْ أَحْصَنْتَ ". قَالَ نَعَمْ. فَقَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم " اذْهَبُوا بِهِ فَارْجُمُوهُ ".

বাংলা

وَقَالَ عَلِيٌّ لِعُمَرَ أَمَا عَلِمْتَ أَنَّ الْقَلَمَ رُفِعَ عَنْ الْمَجْنُونِ حَتَّى يُفِيقَ وَعَنْ الصَّبِيِّ حَتَّى يُدْرِكَ وَعَنْ النَّائِمِ حَتَّى يَسْتَيْقِظَ

'আলী (রাঃ) 'উমার (রাঃ)-কে বললেন, আপনি কি জানেন না যে, পাগল থেকে জ্ঞান ফিরে না আসা পর্যন্ত, বালক থেকে সাবালক না হওয়া পর্যন্ত, ঘুমন্ত লোক না জাগা পর্যন্ত কলম তুলে নেয়া হয়েছে?

৬৮১৫. আবৃ হুরাইরাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, এক লোক রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে এল। তিনি তখন মসজিদে ছিলেন। সে তাঁকে ডেকে বলল, হে আল্লাহর রাসূল! আমি যিনা করেছি। তিনি তার থেকে মুখ ফিরিয়ে নিলেন। এভাবে কথাটি সে চারবার বলল। যখন সে নিজের বিরুদ্ধে চারবার সাক্ষ্য দিল তখন নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম তাকে ডেকে জিজ্ঞেস করলেন, তোমার মধ্যে কি পাগলামীর দোষ আছে? সে বলল, না। তিনি বললেনঃ তাহলে কি তুমি বিবাহিত? সে বলল, হ্যাঁ। তখন নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ তোমরা তাকে নিয়ে যাও আর পাথর মেরে হত্যা করো।[1] [৫২৭১] (আধুনিক প্রকাশনী- ৬৩৪৬, ইসলামিক ফাউন্ডেশন- ৬৩৫৯)



## **English**

#### Narrated Abu Huraira:

A man came to Allah's Messenger () while he was in the mosque, and he called him, saying, "O Allah's Apostle! I have committed illegal sexual intercourse.' The Prophet () turned his face to the other side, but that man repeated his statement four times, and after he bore witness against himself four times, the Prophet () called him, saying, "Are you mad?" The man said, "No." The Prophet () said, "Are you married?" The man said, "Yes." Then the Prophet () said, 'Take him away and stone him to death."

### ফুটনোট

- \* এ যিনাকারীরা ছিলেন পূর্ণ ঈমানদার। অপরাধ করে তারা ক্ষমা পাওয়ার জন্য ব্যাকুল হয়ে যেতেন। তাঁরা চাইতেন যত শাস্তি দুনিয়াতেই হয়ে যাক। আখেরাতের আদালতে যেন লজ্জিত, ঘৃণিত ও শাস্তিপ্রাপ্ত হতে না হয়।
- [1] হাদীসটি হতে জানা যায়:
- (১) একজন মুসলিম ব্যক্তির জীবন শেষ করার ব্যাপারে দৃঢ়ীকরণ।
- (২) মসজিদের অভ্যন্তরে ইমামের নিকট খারাপ কাজের স্বীকারোক্তির বৈধতা এবং প্রয়োজনে বিভিন্ন রকম অন্ধীল কথা যা মুখে উচ্চারণ করা লজ্জাকর তার বর্ণনা দেয়া।
- (৩) উচ্চ আওয়াজে বয়োজ্যেষ্ঠের আহবান করা।
- (৪) হাদ্দ কায়েমের জন্য কোন محتمل বা সম্ভাব্য বিষয়ের স্বীকারকারীকে পরিত্যাগ করা। কারণ সে যা বর্ণনা করবে তা সম্ভবত হাদ্দকে আবশ্যক করবে না অথবা সে ফিরে আসবে।
- (৫) যে ব্যক্তি কোন গুনাহের কাজ করে লজ্জিত হবে তার দ্রুতগতিতে তাওবা করা মুস্তাহাব। তা কাউকে না জানানো।
- (৬) গুনাহের কাজ সম্পাদনকারী যদি তার গুনাহের কথা কাউকে জানায় তাহলে শ্রবণকারীর জন্য মুস্তাহাব পন্থা হল যে, সে তাকে তাওবা করতে বলবে এবং ব্যাপারটি গোপন রাখবে।
- (৭) হাদীসে উল্লেখিত نفسه أربع شهادات বাহ্যিক ভাষ্য থেকে চারবার যেনার স্বীকারোক্তির



পুনরাবৃত্তি করা শর্ত-এর প্রমাণ গ্রহণ করা হয়েছে।

- (৮) হাদ্দ কায়েমের জন্য নেতার অন্যকে দায়িত্ব প্রদান জায়েয।
- (৯) উক্ত হাদীস দ্বারা প্রমাণ পেশ করা হয়েছে যে, রজম করার জন্য গর্ত খনন করা শর্ত নয়।
- (১০) মাতালের স্বীকারোক্তি গ্রহণযোগ্য নয়। (ফাতহুল বারী)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন